

একই স্মারক ও তারিখের বিকল্প প্রতিলিপি  
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 শিক্ষা মন্ত্রণালয়  
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
 (সরকারি মাধ্যমিক-১)  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০১২.১৬-৯০

তারিখ : ১২ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ  
২৫ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.), দাখিল, এস.এস.সি. (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানে সহায়তা প্রদান।

আগামী ০১ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ বৃহস্পতিবার হতে সারাদেশে একযোগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.), দাখিল, এস.এস.সি. (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। গুরুত্বপূর্ণ এ পাবলিক পরীক্ষা যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণ সম্ভব হয় সে জন্য পুলিশসহ অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা একান্ত প্রয়োজন। উল্লেখ্য, ইতৎপূর্বে অনুষ্ঠিত পাবলিক পরীক্ষাসমূহ পুলিশসহ অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীর আন্তরিক প্রচেষ্টা, দায়িত্বশীল ভূমিকা এবং জেলা ম্যাজিস্ট্রেটের সাথে কার্যকর সমঝয়ের কারণে সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণ করা সম্ভব হয়েছে।

২। এস.এস.সি. ও সমমান পরীক্ষা-২০১৮ সুষ্ঠুভাবে অনুষ্ঠান উপলক্ষ্যে জাতীয় মনিটরিং ও আইন-শৃঙ্খলা সংক্রান্ত ২৫ জানুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ক) আগামী ২৬ জানুয়ারি, ২০১৮ তারিখ হতে পরীক্ষার শেষ দিন পর্যন্ত সকল কোচিং সেন্টার বক্স রাখতে হবে;
- খ) মোবাইলসহ অন্য যে কোন ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে যাতে কেউ কেন্দ্রে প্রবেশ করতে না পারে তা নিশ্চিত করতে হবে।

৩। এমতাবস্থায়, ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.), দাখিল, এস.এস.সি. (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) পরীক্ষার দিন শিক্ষার্থীদের বিশেষ করে ছাত্রাদের যাতায়াতের ক্ষেত্রে যেন কোন অনাকাঙ্খিত পরিস্থিতির সম্মুখীন হতে না হয় তাসহ পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় নিরাপত্তা বিধানে এবং জাতীয় মনিটরিং ও আইন-শৃঙ্খলা সংক্রান্ত কমিটির সভায় বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নে আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ঐঃ

সংযুক্তি: পরীক্ষার রুটিন ০৭(সাত) পৃষ্ঠা।

(আবু আলী মো: সাজ্জাদ হোসেন)

উপসচিব

ফোন : ৯৫৭৬৭৮০

সচিব

জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০১২.১৬-৯০(৭)

তারিখ : ১২ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ  
২৫ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা প্রদর্শনের জন্য প্রেরণ করা হলোঁ:

১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (সকল)..... (জেলা/উপজেলা পর্যায়ে কোচিং সেন্টার বক্স রাখা নিশ্চিতকরণের অনুরোধসহ)
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

২৫/০১/২০১৮  
 (আবু আলী মো: সাজ্জাদ হোসেন)

উপসচিব

অঃ জেঃ প্রঃ (শিক্ষা ও আইসিটি)	
E:\Mir Ansar\Board\Letter of control room of SSC Exam.docx - 22	অসমীয়া শেখ কর্তৃত
	দ্রুত ব্যবহাৰ নিন